

স্বাধীনতা ও সার্বভৌমত্ব  
রক্ষায় প্রাথমিক শিক্ষার  
গুরুত্ব অপরিসীম

—ভাইস প্রেসিডেন্ট

॥ সটাফ রিপোর্টার ॥

দেশের ভবিষ্যত নাগরিকদের বুনয়াদী  
শিক্ষা প্রদানের মাধ্যমে জাতিকে  
যোগ্য ও সুনাগরিক হিসেবে গড়ে  
তোলার জন্য ভাইস প্রেসিডেন্ট  
বিচারপতি এ. কে. এম. নূরুল ইসলাম  
প্রাথমিক শিক্ষকদের প্রতি আহ্বান  
জানিয়েছেন। শেষ পৃঃ ৪-এর কঃ দেখুন

ভাইস প্রেসিডেন্ট

প্রথম পৃষ্ঠার পর

তিনি গতকাল বাংলাদেশ প্রাথমিক  
শিক্ষক সমিতির বিশেষ প্রতিনিধি  
অধিবেশনে প্রধান অতিথির ভাষণ  
দিলেন। সমিতির সভাপতি জনাব  
আবুল কালাম আজাদের সভাপতিত্বে  
অনুষ্ঠিত এ সভায় শিক্ষামন্ত্রী জনাব  
মাহবুবুর রহমানও ভাষণ দেন।  
বিচারপতি জনাব নূরুল ইসলাম  
আরও বলেন যে, স্বাধীনতা ও  
সার্বভৌমত্বকে সুসংহত করতে  
প্রাথমিক শিক্ষার সার্বিক প্রয়োগ  
অত্যাবশ্যিক।

শিক্ষামন্ত্রী জনাব মাহবুবুর রহমান  
বলেন, শিক্ষা প্রশাসনের দায়িত্ব  
ব্যবস্থাপনা, শিক্ষকদের দায়িত্ব  
ছাত্রদের সঠিকভাবে শিক্ষা দান,  
ছাত্রদের দায়িত্বশিক্ষা গ্রহণ করে  
জ্ঞান বাড়ানো এবং অভিভাবকদের  
দায়িত্ব তদারকি করা। তিনি বলেন, এ  
সবের সমন্বয়ে আমরা অভীষ্ট লক্ষ্য  
অর্জনে সক্ষম হতে পারি।